

লালমাটিয়া মহিলা কলেজ
(আবাসিক/অনাবাসিক)

ফোন : ০২-৪৮১২০৭৯২, ০২-৪৮১১৮৫৪৩ মোবাইল : ০১৫৫৯-০৮২১৫০
কলেজ কোড : ৬৪৪৭, ওয়েবসাইট : www.lalmatiamohilacollege.edu.bd

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক কলেজ পারফরমেন্স র্যাংকিং-এ জাতীয় পর্যায়ে সেরা মহিলা কলেজ ও
মডেল কলেজ হিসেবে স্বীকৃত ঐতিহ্যবাহী লালমাটিয়া মহিলা কলেজ

মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপে অনলাইন আবেদন সম্পর্কিত বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপে অনলাইনে আবেদনের তারিখ ০৬/০১/২০২২ থেকে ১৩/০১/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত চলবে। ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স নিয়মিত ভর্তি কার্যক্রমে যে সকল আবেদনকারী ক) মেধা তালিকায় স্থান পায়নি খ) মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হয়নি গ) মেধা তালিকায় ভর্তি হয়ে পরবর্তীতে ভর্তি বাতিল করেছে, সে সকল আবেদনকারীকে মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই রিলিজ স্লিপে আবেদন করতে হবে।

আবেদন প্রক্রিয়া: আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর Applicant Login অপশনে Masters (Regular) Login লিংকে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। College Selection Option এ গিয়ে শিক্ষার্থীকে পছন্দ অনুযায়ী কলেজ Select করে Eligible বিষয়ের পছন্দক্রম এন্ট্রি দিতে হবে। এভাবে একজন শিক্ষার্থী পর্যায়ক্রমে তার পছন্দ অনুযায়ী তিনটি কলেজে বিষয় পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করবে। আবেদনকারীকে রিলিজ স্লিপের আবেদন ফরমটি ডাউনলোড করে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে। রিলিজ স্লিপের আবেদন ফরম ও কোন প্রকার ফি কলেজে জমা দিতে হবে না। ছুটির দিন ব্যতীত কলেজের অভ্যন্তরে প্রতিদিন সকাল ৯.০০-টা থেকে বিকেল ৪.০০-টা পর্যন্ত অনলাইনে ফি আবেদন করার বুথ খোলা থাকবে। বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) ও কলেজের ওয়েব সাইট (www.lalmatiamohilacollege.edu.bd) থেকে জানা যাবে।

লালমাটিয়া মহিলা কলেজের মাস্টার্স বিষয়সমূহ :

১। বাংলা, ২। ইংরেজি, ৩। গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান, ৪। সমাজবিজ্ঞান, ৫। সমাজকর্ম, ৬। রাষ্ট্রবিজ্ঞান, ৭। অর্থনীতি, ৮। হিসাববিজ্ঞান, ৯। ব্যবস্থাপনা, ১০। মার্কেটিং, ১১। ফিন্যান্স এণ্ড ব্যাংকিং, ১২। পদার্থবিজ্ঞান, ১৩। রসায়ন, ১৪। উদ্ভিদবিজ্ঞান, ১৫। প্রাণিবিজ্ঞান, ১৬। গণিত, ১৭। ভূগোল ও পরিবেশ।


অধ্যক্ষ

লালমাটিয়া মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭